

ঢাকা, ২৯ আগস্ট ২০২২

## শিক্ষামন্ত্রীর সাথে বাংলাদেশে নিযুক্ত দক্ষিণ কোরিয়ার রাষ্ট্র দূতের সৌজন্য সাক্ষাৎ

বাংলাদেশে নিযুক্ত দ্যা রিপাবলিক অব কুরিয়ার রাষ্ট্র দূত মি. লি জং কেউন (H. E. Mr. LEE Janj-Keun) আজ সচিবালয়ে শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি, এমপি মহোদয়ের সাথে তার অফিসে সৌজন্য সাক্ষাৎ করেছেন। এই সময় রাষ্ট্রদূত বলেন বাংলাদেশ দক্ষিণ কোরিয়ার দ্বিতীয় বৃহত্তম উন্নয়ন পার্টনার। দুই দেশের মধ্যে বাণিজ্য বর্তমানে অতীতের সবচেয়ে বেশি। রাষ্ট্র দূত দক্ষিণ কোরিয়ার অর্থায়নে বাংলাদেশে উপজেলা পর্যায়ে বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) এর আওতাধীন **Upazila ICT Training and Resource Centre for Education (UITRCE)** এর তৃতীয় ফেইজ চালু করার আগ্রহ ব্যক্ত করেন। প্রথম পর্যায়ে দক্ষিণ কোরিয়ার অর্থায়নে ১০০টি উপজেলায় **UITRCE** নির্মাণ করা হয়েছে। দ্বিতীয় ফেইজে ১৬০ টি নির্মানাধীন রয়েছে। শিক্ষামন্ত্রী শিক্ষায় দক্ষিণ কোরিয়ার অর্থায়নের জন্যে কৃতজ্ঞতা প্রকাশ করেন এবং এই সহযোগীতা উত্তরোত্তর বৃদ্ধি পাবে বলে আশাবাদ ব্যক্ত করেন।

মোহাম্মদ আবুল খায়ের  
তথ্য ও জনসংযোগ কর্মকর্তা  
শিক্ষা মন্ত্রণালয়  
মোবাইল নাম্বার:০১৭১৬০৬৬৮৮